

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ২। রুদ্ধ আশুন সহিতে পারি, ব্রহ্ম আশুন তুচ্ছ করি।  
বিচ্ছেদ আশুন সহিতে নারি, প্রাণে মরি জ্বলে জ্বলে ॥
- ৩। মনের মানুষ পাবার লাগি, গোলোকচাঁদ হ'ল বিরাগী।  
মনের মানুষ ধরবি তোরা, ডুব দিগে তার রূপ সলিলে ॥
- ৪। মনের মানুষ পাবার লাগি, গোলোকচাঁদ হ'ল বিরাগী।  
হীরামন হয় সর্বব্যাগী, প্রেম সাগরে সাঁতার খেলে ॥
- ৫। বলে গৌসাই মহানন্দ, মনের মানুষ হরিচন্দ্র।  
অশ্বিনী তুই অজ্ঞানাক্ষ, দেখলি না রূপ নয়ন মেলে ॥

### ৮২ নং তাল-একতালা

আমার হরিচাঁদের রূপের কিরণ, লেগেছে যার গায়।

ও তার রসে তুই ডগমগরে, ভাবে তনু ডগমগ

নয়ন দে'খলে চেনা যায়।

- ১। রূপ নেহারী ভক্ত যে জন হয়,  
ও তার চিত্ত চকোর হ'য়ে বিভোর চাঁদের সুধা খায়।  
হয়ে অনুরাগী সর্বব্যাগীরে, সুধাপানে মত্ত হয় ॥
- ২। গগন চাঁদে জগৎ আলো হয়,  
আমার হরিচাঁদের কিরণেতে, মনের আঁধার যায়।  
অগনিত রবি শশী, উদয় হরিচাঁদের পায় ॥
- ৩। কি কব সেই রূপের মাধুরী,  
নয়ন পথে ছিদ্র পেয়ে, মন করে চুরি।  
আমার সর্বস্ব ধন করে হরণ, নয়ন পথে বলক দেয় ॥
- ৪। যার লেগেছে সে চাঁদের কিরণ,  
দিবানিশি চাঁদের সুধা করে আশ্বাদন।  
ও সে প্রেমানন্দে, হ'য়ে মগন, ধূলায় গড়াগড়ি যায় ॥